

আপীল নং-৭৯/২০২১

তারিখঃ ০৬/০৪/২০২১

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
১৭/০৬/২০২১	<p>অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। মৌখিক বক্তব্য শুনলাম। আপীলকারী জানান যে, এজেস্পীটি নতুন নিবন্ধনের জন্য আবেদন করেছেন ২৩/১১/২০২০ তারিখে। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী ওপেন রোড লিমিটেড এজেস্পীটির লিমিটেড কোম্পানী হওয়া সত্ত্বেও কোম্পানির নামে আয়কর প্রত্যয়নপত্র দাখিল করা হয়নি এবং ট্রেড লাইসেন্স নবায়নের তারিখ সম্বলিত কপি আবেদনের সাথে সংযুক্ত করা হলেও কোম্পানির নামে ইস্যুকৃত ট্রেড লাইসেন্স সংযুক্ত করা হয়নি। এছাড়া হালনাগাদ ব্যবসা প্রতিষ্ঠানের চুক্তিনামা সংযুক্ত না করার কারণে ০১/০৩/২০২১ তারিখে নিবন্ধন আবেদনটি বাতিল হয়ে যায়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ০৬/০৪/২০২১ তারিখ আপীল দায়ের করেন। বিধি অনুযায়ী আবেদন বাতিল আদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। শুনানীর সময় এজেস্পীর মালিক জানান যে, অজ্ঞতার কারণে কোম্পানীর নামে হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র এবং ট্রেড লাইসেন্স দাখিল করা হয়নি। এছাড়া হালনাগাদ ব্যবসা প্রতিষ্ঠানের চুক্তিনামা সংযুক্ত না করার কারণে আবেদনটি বাতিল করা হয়। বর্তমানে নিবন্ধন সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদি যেমন, কোম্পানীর নামে হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ১০ লক্ষ টাকার ব্যাংক সলভেন্সী সনদ, হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিনামাসহ প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন/দাখিল করেন। পুরনায় অন লাইনে আবেদন করার সময় সঠিক কাগজপত্রাদি দিয়ে আবেদন দাখিল করবেন মর্মে শুনানীতে এজেস্পীর মালিক মৌখিকভাবে অঙ্গীকার করেছেন।</p> <p>আপীলকারীর বক্তব্য ও নথিতে রক্ষিত কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, ওপেন রোড লিমিটেড এজেস্পীটি নতুন নিবন্ধন জন্য আবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী এজেস্পীটি অনুকূলে কোম্পানীর নামে ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রত্যয়ন, হালনাগাদ ব্যবসা প্রতিষ্ঠানের চুক্তিনামা না থাকার নিবন্ধন আবেদন বাতিল করা হয়। বর্তমানে আপীলকারীর এজেস্পীর অনুকূলে কোম্পানীর নামে ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রত্যয়ন, হালনাগাদ ব্যবসা প্রতিষ্ঠানের চুক্তিনামাসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি সঠিক রয়েছে। তাই আপীলকারীর আপীল আবেদনটি মঞ্জুর করা হলো। অত্রাফিসের ০১/০৩/২০২১ তারিখের নিবন্ধন আবেদন বাতিল আদেশ রহিত করা হলো। “ বাংলাদেশ ট্রাভেল এজেস্পি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০২১ ” মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিবন্ধন কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p> <p>স্বাক্ষরিত/১৭/০৬/২০২১ মিজানুর রহমান অতিরিক্ত সচিব</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব(প্রশাঃ পর্যঃ ও নিয়ন্ত্রক) এর দপ্তর</p> <p>নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.০৭৯.২০২১- অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</p> <p>১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্মার্ট মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা। ৩) কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। ৪) যুগ্ম-সচিব(প্রশাসন), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৫) জেলা প্রশাসক, ঢাকা। ৬) উপসচিব(পর্যটন-৩), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাতারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা), ঢাকা-১০০০। ৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), সার্ট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা। ১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ----- ১১) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)। ১২) জনাব মুহাম্মদ সেলিম, ব্যবস্থাপনা পরিচালক, ওপেন রোড লিমিটেড, গ-১৩৩/৩ মধ্য বাড্ডা (৫ম তলা), বাড্ডা, ঢাকা।</p> <p>তারিখঃ ১৭/০৬/২০২১ইং</p> <p>(মিজানুর রহমান) অতিরিক্ত সচিব বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়</p>	